গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা
www.eedmoe.gov.bd
শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক) নবাব আব্দুল গনি রোড, ঢাকা।

**জাতীয় শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়নের লক্ষ্যে ৩য় ত্রৈমাসিকের (জানুয়ারি - মার্চ, ২০২৪) 'অংশীজনের অংশগ্রহণে' সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ড.অমিতাভ চক্রবর্ত্তী<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | **১১ মার্চ, ২০২৪** |
| সভার সময় | **দুপুর ০২:৩০ ঘটিকা।** |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর সভা পরিচালনার জন্য প্রোগ্রামার, জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ-কে অনুরোধ করেন। নির্দেশনা অনুযায়ী সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪-এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি' ২৪ - মার্চ' ২৪)-এর কার্যক্রমসমূহ উপস্থাপন করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | শিক্ষা প্রতিষ্ঠানের কাজ যথাসময়ে সমাপ্তকরণ | আলোচনায় অংশ নিয়ে জনাব মোহাম্মদ রেজাউল করিম অধ্যক্ষ, ধুকুরিয়া এ-জেড টেকনিক্যাল এন্ড বি এম কলেজ, শেরপুর বলেন উক্ত কলেজের একাডেমিক ভবনের ১ম তলার কাজ শুরু হয়েছে। রং কাজ ও মোজাইক বাকি। নির্বাহী প্রকৌশলী , সহকারী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলী কমিটির মাধ্যমে কাজ তদারকি করেন। প্রতিষ্ঠানে ৫০০ জন ছাত্র-ছাত্রী আছে, উর্ধ্বমুখী সম্প্রসারণ করা হলে ল্যাবের ব্যবস্থা করা যাবে এবং পাঠদান ভালো হবে। ছাত্র ছাত্রীদের চাহিদা অনুয়ায়ী ভবন নির্মাণ হবে।<br>সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান গোলাম মোস্তফা ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স জিলানী ট্রেডার্স জানান ৮০% কাজ হয়েছে, ৭০১৬ কাজের ফান্ড বিষয়ে তিনি জানতে চান। | গুনগত মান বজায় রেখে নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।<br>ঠিকাদারের বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, শেরপুর জেলা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ভবন নির্মাণ কাজের মান নিশ্চিতকরণ | আলোচনায় অংশ নিয়ে জনাব মো: আতিকুর রহমান অধ্যক্ষ, মানিকগঞ্জ ইসলামিয়া কামিল মাদ্রাসা, মানিকগঞ্জ জানান মাদ্রাসা প্রকল্পের কাজ শেষের দিকে। রাস্তার সমস্যার কারণে কাজ দেরিতে হয়েছে। অক্লান্ত চেষ্টায় কাজ সম্পন্ন হওয়ার পথে । নির্মাণ কাজের কমিটির প্রতিনিধি আছে। প্ল্যান দেখে কাজ দেখিয়ে দিয়েছেন। নিচ তলায় গ্রিল আছে এবং ২,৩,৪ তলায় গ্রিলের জন্য বরাদ্দ চেয়েছেন তাহলে ছাত্র ছাত্রীদের জন্য নিরাপদ ভবন হবে। নির্মাণ কাজের মানও সন্তোষজনক। ঠিকাদার ও প্রকৌশলীগণ নির্মাণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে আন্তরিকাতার সাথে কাজ করেছেন। ঠিকাদার প্রতিষ্ঠান মেসার্স নির্মাণ প্রকৌশলী সভায় সংযুক্ত ছিলেন। | শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ কাজের মান যথাযথভাবে নিশ্চিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ জেলা। |
| ০৩ | নির্মাণ কাজের ঠিকাদারি বিল প্রদান সংক্রান্ত | আলোচনায় অংশ নিয়ে জনাব শাহাব উদ্দিন অধ্যক্ষ, হবিরবাড়ি বাহারুল উলুম আলিম মাদ্রাসা,ভালুকা, ময়মনসিংহ বলেন মাদ্রাসা প্রকল্পের কাজ চলমান, মোজাইকের কাজ চলমান, কাজটি মেইন রোড থেকে দৃশ্যমান এবং সুন্দরভাবে পরিদর্শন করা হচ্চে। সকলে কাজের প্রতি আন্তরিক এবং কাজের অগ্রগতি ভালো এবং কমিটির সদস্যরা কাজের প্রতি খুব খুশি। কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এমন সুন্দর প্রকল্প বানানোর জন্য। সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান মো: রকিবুল হাসান শাকিল ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স ভাওয়াল কনস্ট্রাকশন জানায় যে, ফিনিশিং কাজ চলমান, রিভাইজ প্রধান কার্যালয়ে পাঠিয়েছেন, প্রধান প্রকৌশলীকে অবগত করার জন্য অনুরোধ করেন। | হবিরবাড়ি বাহারুল উলুম আলিম মাদ্রাসাটির নির্মাণ কাজের পুনঃপ্রাক্কলন অনুমোদন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, ডেস্ক-২ |
| ০৪ | নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সমাপ্তকরণ | আলোচনায় অংশ নিয়ে জনাব আব্দুর রউফ অধ্যক্ষ, শরীয়তপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর বলেন ৬৪ টিএসসি প্রকল্পের ৭ তলা ভবনের ৬ তলা নির্মাণ কাজ চলমান, কাজের মান সন্তোষজনক, প্রকৌশলীগণের অত্যন্ত আন্তরিক এবং ভবনে সিসি ক্যামেরা প্রতিস্থাপনের জন্য অনুরোধ করেন। সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান পরেশ চন্দ্র দে জানায় যে, মোজাইকের কাজ শেষ পর্যায়ে। কাজের সময় বর্ধন করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। | নির্ধারিত সময়ের মধ্যে কাজের গুণগত মান অক্ষুণ্ণ রেখে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, শরীয়তপুর জেলা। |
| ০৫ | কাজের মান নিশ্চিত করে ভবন হস্তান্তর | আলোচনায় অংশ নিয়ে জনাব রাশেদুজ্জামান ডালিম প্রধান শিক্ষক, দৌলতপুর উচ্চ বিদ্যালয়, জামালপুর বলেন কাজ অত্যন্ত দক্ষতার সাথে কাজ করছে। ৪ তলা ভিত বিশিষ্ট ভবনের ১ তলার কাজ চলমান। ভবনগুলো প্রত্যন্ত অঞ্চলে হওয়ায় সকলের দৃষ্টি আকর্ষণ করছে। ভবন নির্মানের কাজ শেষের দিকে। প্রতিষ্ঠানটিতে একাধিক প্রকল্পের কাজ চলমান রয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে কাজের গুণগত মান অক্ষুণ্ণ রেখে কাজ সমাপ্ত করে হস্তান্তর করতে হবে। | নির্বাহী প্রকৌশলী জামালপুর জেলা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার বস্থাপনা এবং তথ্য অধিকার আইন সংক্রান্ত | সভায় প্রধান কার্যালয়সহ সার্কেল ও জেলা অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য বলা হয়। প্রাপ্ত অভিযোগ সমূহের নিষ্পত্তি করে মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন প্রদান করতে হবে। তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী নাগরিকগণের তথ্য সময়মত প্রদান করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন কার্যক্রম সমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) নির্বাহী প্রকৌশলী (সকল) । |

২.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-০৩-২০২৪
ড.অমিতাভ চক্রবর্তী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
০২২২৩৩৮২১৭৭ (ফোন)
dir@eedmoe.gov.bd

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০৪.২৪.৫৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। যুগ্মসচিব, যুগ্মসচিব, পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/.........সার্কেল;
৬। উপপরিচালক, উপপরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
৭। নির্বাহী প্রকৌশলী (পুর): ডেস্ক- ১/২/৩/৪, ডিজাইন/বিদ্যুৎ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/...... জেলা;
৮। প্রোগ্রামার, প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯। উপপরিচালক, অর্থ (অতিরিক্ত দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১০। কমিটির সদস্যবৃন্দ (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১১। সহকারী প্রকৌশলী: পুর/ডিজাইন/বিদ্যুৎ/যান্ত্রিক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১২। প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১৪। উপসহকারী প্রকৌশলী: পুর/যান্ত্রিক/বিদ্যুৎ, উপসহকারী স্থপতি/ড্রাফটসম্যান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা;
১৫। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এবং
১৬। সহকারী প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

২৭-০৩-২০২৪
ইফতেখার উদ্দিন আহাম্মদ
প্রোগ্রামার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) অংশীজনের সভার উপস্থিতি